bengalioldsongs.in



**শ্রীমতী লতা মঙ্গেশকর**

কোকিল-কণ্ঠী শ্রীমতী লতা—আন্তর্জাতিক খ্যাতি লাভ করেছেন তাঁর কণ্ঠ মাধুর্যে। তাঁর কণ্ঠে বাংলা গানও যে কত মধুর শোনায় এ রেকর্ডে শুনুন।

**শ্রীমতী লতা মঙ্গেশকর**

**Sm. Lata Mangeshkar**

কথা ও সুরঃ—সলিল চৌধুরী

**GE 24972** যারে—যারে উড়ে যারে পাখী
না যেও না রজনী এখনো বাকি

( ১ )

যারে যারে উড়ে যারে পাখী
ফুরালো প্রাণের মেলা
শেষ হয়ে এলো বেলা
আর কেন মিছে তোরে বেঁধে রাখি ॥
আকাশে আকাশে ফিরে
যা ফিরে আপন নীড়ে
শ্যামল মাটির বনছায়
শুধু মনে মনে তোরে ডাকি।
চাহি না খেলিতে খেলা
শেষ হ'য়ে এলো বেলা
আর কেন মিছে তোরে বেঁধে রাখি ॥

আমারই স্বপন হয়ে
কত কি যে গেছ কয়ে
হৃদয় পিঞ্জরে বসিয়া
জানি, সবই রয়ে গেল বাকী
এবারে ভাসাবো ভেলা
শেষ হ'য়ে এলো বেলা
আর কেন মিছে তোরে বেঁধে রাখি ॥"

( ২ )

না যেও না রজনী এখনো বাকি
আরো কিছু দিতে বাকি
বলে রাতজাগা পাখী
না যেও না ॥

আমি যে তোমারি শুধু
জীবনে মরণে
ধরিয়া রাখিতে চাহি
নয়নে নয়নে।

যে কথা বলিতে বাধে
যে ব্যথা মরমে কাঁদে
সে কথা বলিতে ওগো দাও।
জীবন রজনী জানি
এমনি পোহাবে
চাঁদের তরণী তুমি
সুদূরে মিলাবে
না যেও না ॥"

—শিল্পীর কণ্ঠে দু'খানি বাংলা গানের রেকর্ড—

**GE 24912** প্রেম একবারই এসেছিল
ও পলাশ ও শিমুল

**GE 24861** মনে রেখো মনে রেখো
রঙিলা বাঁশীতে কে ডাকে